গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৬.১৭/৫

তারিখ: ২৮ পৌষ, ১৪২৪
১১ জানুয়ারি, ২০১৮

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ১/২০১৮**

**বিষয়: HPLC Syringe Filter নামক পণ্যের কাস্টমস (অগ্রিম) রুলিং।**

সূত্র: M/S. Adel Enterprise এর ০৯/১১/২০১৭ খ্রিঃ তারিখের আবেদন।

M/S. Adel Enterprise, HPLC Syringe Filter নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

**(ক) আবেদনকারির পরিচিতি:**

| | |
|---|---|
| আবেদনকারির নাম | M/S. Adel Enterprise |
| আবেদনকারির ঠিকানা | Suit # 18-20, Shuvechcha Plaza, 32/1, Hatkhola Road, Dhaka-1203 |
| টেলিফোন নম্বর | ০১৮১৭৬১০৮২১, ৭১১০৫৯৮ |
| ই-মেইল | adelenterprise@gmail.com |

**(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:**

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Syringe Filter; Brand: mdi<br>Model: SY25VF (PVDF) |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Ready for test |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | India |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস | ৮৪২১.৯৯.০০ |
| রপ্তানিকারক বা সরবরাহকারি প্রতিষ্ঠানের নাম/ঠিকানা | Advanced Microdevices Pvt. Ltd., 20-21, Industrial Area, Ambala Cantt-133 006, INDIA |

২। **আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণঃ**

আমদানিকারক M/S. Adel Enterprise কর্তৃক দাখিলকৃত তথ্য অনুসারে, HPLC Syringe Filter সমূহ PVDF (Polyvinylidens difluoride) Membrane Syringe Filter যার diameter 25 mm. এ ধরনের filter সমূহ High Performance Liquid Chromatography (HPLC) ও অন্যান্য Critical Instruments সমূহে Organic Solvents অথবা Chemical ফিলট্রেশনের কাজে ব্যবহৃত হয়।

৩। **বর্ণিত পণ্যের শ্রেণীবিন্যাস ও এর পক্ষ্যে যুক্তিসমূহঃ**

(ক) কোন একটি আমদানিয়/রপ্তানিয় পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস নির্ণয়ের জন্য উক্ত পণ্যের সবিস্তার বিবরণ, ক্যাটালগ/ব্রুশিওর, লিটারেচার (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি পর্যালোচনার পাশাপাশি World Customs Organization (WCO) এর General Rules for the Interpretation of the Harmonized System (GIR) ও Explanatory Notes এবং বিবেচ্য পণ্য সংশ্লিষ্ট Section Notes পর্যালোচনা করা আবশ্যক।




Figure: HPLC Syringe Filter

বর্ণিত PVDF Membrane Syringe filter এর শ্রেণীবিন্যাস নির্ধারণে উক্তরূপ এইচ.এস. কোড শ্রেণীবিন্যাস নীতিমালা পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায়, Explanatory Notes (Volume4) এর Section XVI এর General এর আওতাধীন Parts এর ২নং অনুচ্ছেদে বলা হয়েছে (পৃষ্ঠা নং- XVI-4):

"The above rules do not apply to parts which in themselves constitute an article covered by a heading of this section; these are in all cases classified in their own appropriate heading even if specially designed to work as part of a specific machine. This applies in particular to: Filtering machinery and apparatus of heading 84.21."

অর্থাৎ হেডিং ৮৪২১ এর আওতাভুক্ত পণ্যসমূহ কোন স্পেসিফিক মেশিন এর পার্টস হলেও তা উক্ত মেশিন এর পার্টস হিসেবে শ্রেণীবিন্যাসিত না হয়ে তাদের জন্য নির্ধারিত হেডিং অর্থাৎ ৮৪২১ এর আওতায় শ্রেণীবিন্যাসিত হবে।
আলোচ্য ক্ষেত্রে আমদানিকৃত PVDF Membrane Syringe Filter সমূহ বিশ্ববিদ্যালয় অথবা রিসার্চ সেন্টারে ব্যবহৃত HPLC মেশিনে ব্যবহারের জন্য আমদানিকৃত হলেও উক্ত filter সমূহ HPLC মেশিন এর parts হিসেবে বিবেচনার সুযোগ নেই। সে বিবেচনায় filter সমূহ হেডিং ৮৪২১ এর আওতায় শ্রেণীবিন্যাসযোগ্য।

(খ) বাংলাদেশ কাস্টমস ট্যারিফ এর হেডিং ৮৪২১ এর আওতাধীন পণ্যসমূহকে ৪টি গ্রুপে বিভাজন করা হয়েছে যা নিম্নরূপঃ

- Centrifuges, including centrifugal dryers ( H.S.Code: 8421.11.00 to 8421.19.90 )
- Filtering or purifying machinery and apparatus for liquids (H.S.Code: 8421.21.10 to 8421.29.90)
- Filtering or purifying machinery and apparatus for gases ( H.S.Code: 8421.31.00 to 8421.39.99 )
- Parts ( H.S.Code: 8421.91.00 to 8421.99.00 )

আলোচ্য পণ্যের ক্যাটালগ পর্যালোচনায় দেখা যায়, পণ্যটি মূলত: Organic Solvents অথবা Chemical ফিলট্রেশনের কাজে ব্যবহৃত হয়। সে বিবেচনায় পণ্যটি Filtering or purifying machinery and apparatus for liquids এর অন্তর্ভুক্ত হিসেবে বিবেচ্য। এছাড়াও Explanatory Notes পর্যালোচনায় দেখা যায় Filtering and Purifying Machinery, etc. for Liquids, including water softeners এর বর্ণনায় লেখা রয়েছে, "The liquid filters of this group separate solid, fatty, colloidal etc. particles from a liquid, for example, by passing it through a sheet, membrane or mass of porous material. অর্থাৎ বর্ণনাদৃষ্টে পণ্যসমূহ এইচ.এস.কোড ৮৪২১.২১.১০ হতে এইচ.এস.কোড ৮৪২১.২৯.৯০ এর আওতাভুক্ত পণ্য।

অপরদিকে, membrane filters সমূহকে সুস্পষ্টভাবে সাব-হেডিং ৮৪২১.২৯ (Other) এর আওতায় National split করা হয়েছে, যা নিম্নরূপঃ

| | |
|---|---|
| ৮৪২১.২৯.১০ | Cartridge/membrane filter imported by VAT registered pharmaceuticals or water purifying machine/apparatus manufacturing industry. |
| ৮৪২১.২৯.২০ | Hemodialysis (Artificial Kidney) |
| ৮৪২১.২৯.৯০ | Other. |

উপরে বর্ণিত ৩টি এইচ.এস.কোডের মধ্যে প্রথম দুইটি এইচ.এস.কোডের সাথে আমদানিকৃত পণ্যের সামঞ্জস্য না থাকায় উক্ত পণ্য এইচ.এস.কোড ৮৪২১.২৯.৯০ এর আওতায় শ্রেণীবিন্যাসযোগ্য।

৪। **অগ্রিম রুলিংঃ**

M/S. Adel Enterprise কর্তৃক আমদানিয় Syringe Filter নামক পণ্যটি Bangladesh Customs Tariff, General Interpretative Rules (GIR) এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী এইচ.এস.কোড ৮৪২১.২৯.৯০ তে শ্রেণিবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৫। **অগ্রিম রুলিং এর কার্যকারিতাঃ**

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৬। **আবেদনকারির জন্য গুরুত্বপূর্ণ তথ্যঃ**

(ক) M/S. Adel Enterprise এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে M/S. Adel Enterprise রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবর লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

(স্বাক্ষরিত)
মোঃ লুৎফর রহমান
সদস্য, কাস্টমস নীতি
ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

**কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি/ মোংলা/ পানগাঁও।**

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৬.১৭/৫ তারিখঃ ২৮ পৌষ, ১৪২৪ / ১১ জানুয়ারি, ২০১৮

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন করা, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। M/S. Adel Enterprise, Suit # 18-20, Shuvechcha Plaza, 32/1, Hatkhola Road, Dhaka.

২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]

২৮। অফিস কপি/ গার্ড নথি।

১১/০১/১৮
মোহাম্মদ তফছির উদ্দিন ভূঁঞা
দ্বিতীয় সচিব
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
কাস্টমসঃ ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ই-মেইলঃ nbrclassification@gmail.com